# 2021

## PHILOSOPHY — HONOURS

**Paper : CC-13**

**(Indian Logic and Epistemology – II)**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে ***যে-কোনো দশটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ১×১০

(ক) অন্নংভট্টের মতে, অনুমিতির করণ

(অ) ব্যাপ্তিজ্ঞান (আ) পক্ষধর্মতাজ্ঞান

(ই) পরামর্শ (ঈ) কোনোটিই নয়।

(খ) কেবলব্যতিরেকী হেতুর গমকত্বের প্রযোজক ধর্ম—

(অ) দুইটি (আ) তিনটি

(ই) চারটি (ঈ) পাঁচটি।

(গ) 'পক্ষধর্মতা' হল

(অ) পক্ষে হেতুর সম্বন্ধের জ্ঞান (আ) পক্ষে সাধ্যের সম্বন্ধের জ্ঞান

(ই) হেতু ও সাধ্যের সম্বন্ধের জ্ঞান (ঈ) কোনোটিই নয়।

(ঘ) ব্যাপ্যত্বাসিদ্ধ হেতু হল

(অ) সোপাধিক (আ) নিরুপাধিক

(ই) যথার্থ (ঈ) কোনোটিই নয়।

(ঙ) অনুমিতির উৎপত্তিতে সিদ্ধি

(অ) উত্তেজক (আ) প্রতিবন্ধক

(ই) উত্তেজক ও প্রতিবন্ধক উভয়ই (ঈ) কোনোটিই নয়।

(চ) 'তৎ ত্বম্ অসি' এটি কোন প্রকার লক্ষণার উদাহরণ?

(অ) জহৎ (আ) অজহৎ

(ই) জহৎঅজহৎ (ঈ) কোনোটিই নয়।

(ছ) ন্যায়মতে 'বৃত্তি'

(অ) এক প্রকার (আ) দুই প্রকার

(ই) তিন প্রকার (ঈ) চার প্রকার।

(জ) শক্তিগ্রহ হয়

(অ) একটি উপায়ে (আ) চারটি উপায়ে

(ই) আটটি উপায়ে (ঈ) কোনোটিই নয়।

(ঝ) দীপিকায় কয়প্রকায় উপাধির কথা উল্লিখিত হয়েছে?

(অ) এক প্রকার (আ) দুই প্রকার

(ই) তিন প্রকার (ঈ) চার প্রকার।

(ঞ) ন্যায়মতে জ্ঞাননিষ্ঠ প্রামাণ্যকে জানা যায়

(অ) প্রত্যক্ষের দ্বারা (আ) অনুমানের দ্বারা

(ই) উপমানের দ্বারা (ঈ) শব্দের দ্বারা।

(ট) ন্যায়মতে জ্ঞানগত প্রামাণ্যের উৎপত্তি হয় জ্ঞানসামান্যের কারণ সামগ্রীর অতিরিক্ত

(অ) গুণের দ্বারা (আ) দোষের দ্বারা

(ই) গুণ ও দোষের দ্বারা (ঈ) কোনোটিই নয়।

(ঠ) ত্রিপুটী প্রত্যক্ষের সমর্থক

(অ) নৈয়ায়িক (আ) প্রাভাকর মীমাংসক

(ই) ভাট্ট মীমাংসক (ঈ) মিশ্র মীমাংসক।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে ***যে-কোনো পাঁচটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ৫×৫

(ক) পক্ষতার স্বরূপ আলোচনা করো।

(খ) কেবলান্বয়ী ও কেবলব্যতিরেকী অনুমিতির পার্থক্য করো।

(গ) অন্বয়-ব্যতিরেকী হেতুর গমকত্বের প্রযোজক ধর্মগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) উপযুক্ত উদাহরণ সহযোগে সাধারণ সব্যভিচার ও বিরুদ্ধ হেত্বাভাসের পার্থক্য নির্দেশ করো।

(ঙ) তর্কসংগ্রহ অনুসারে পক্ষ, সপক্ষ ও বিপক্ষ-র দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো।

(চ) লক্ষণার লক্ষণ উদাহরণসহ আলোচনা করো।

(ছ) আকাঙ্ক্ষা, যোগ্যতা ও সন্নিধির স্বরূপ সংক্ষেপে আলোচনা করো।

(জ) তর্কসংগ্রহে প্রদত্ত উপমিতির লক্ষণ উদাহরণ সহকারে ব্যাখ্যা করো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে ***যে-কোনো দুটি*** প্রশ্নের বিশদে উত্তর দাও ঃ

(ক) তর্কসংগ্রহ ও দীপিকা অবলম্বনে ব্যাপ্তির লক্ষণ দাও। এই প্রসঙ্গে ব্যাপ্তিগ্রহোপায় আলোচনা করো। ৭+৮

(খ) স্বার্থানুমিতি ও পরার্থানুমিতির স্বরূপ আলোচনা করো। এই প্রসঙ্গে পরার্থানুমিতির প্রতিটি অবয়বের স্বরূপ ও প্রয়োজনীয়তা নির্দেশ করো। ৭+৮

(গ) তর্কসংগ্রহ ও দীপিকা অবলম্বনে 'শক্তি'র লক্ষণ দাও। শক্তির দ্বারা কী বোধিত হয়? এই প্রসঙ্গে ন্যায় ও মীমাংসক মতের পার্থক্য আলোচনা করো। ৬+৯

(ঘ) জ্ঞানের প্রামাণ্যকে কীভাবে জানা যায়— এই প্রসঙ্গে নৈয়ায়িক ও মীমাংসক মতের পার্থক্য বিশদে আলোচনা করো। ১৫

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

**1.** Answer ***any ten*** of the following questions selecting the correct option : 1×10

(a) According to Annambhatta, the *Karaṇa* of *anumiti* is

(i) *vyāptijñāna* (ii) *pakṣadharmatājñāna*

(iii) *parāmarśa* (iv) None of these.

(b) The properties, which are responsible for the validity of a *Kevalavyātirekī* hetu are

(i) two (ii) three

(iii) four (iv) five.

(c) *'Pakṣadharmatā'* is

(i) the cognition of the relation of *hetu* in *pakṣa.*

(ii) the cognition of the relation of *sādhya* in *pakṣa.*

(iii) the cognition of the relation of *hetu* and *sādhya.*

(iv) None of these.

(d) *Vyāpyatvāsiddha* hetu is

(i) *sopādhika* (ii) *nirupādhika*

(iii) valid (iv) None of these.

(e) *Siddhi*, in the origination of *anumiti*, is

(i) *uttejaka* (ii) *pratibandhaka*

(iii) both *uttejaka* and *pratibandhaka* (iv) None of these.

(f) *Tat tvam asi* (that thou art) is an example of which type of *lakṣaṇā*?

(i) *jahat* (ii) *ajahat*

(iii) *jahatajahat* (iv) None of these.

(g) *'Vṛtti'* according to Nyāya is of

(i) one type (ii) two types

(iii) three types (iv) four types.

(h) *Śakti* is known by

(i) single means (ii) four means

(iii) eight means (iv) None of these.

(i) How many *upādhis* are mentioned in *Dīpikā*?

(i) one (ii) two

(iii) three (iv) four.

(j) According to Nyāya, the validity of cognition is known through

(i) perception (ii) inference

(iii) analogy (iv) verbal testimony.

(k) According to Nyāya, in addition to the common causal conditions of cognition, the validity of cognition is originated

(i) by *Guṇa* (ii) by *Doṣa*

(iii) both by *Guṇa* and *Doṣa* (iv) None of these.

(l) The supporter of *'Triputī pratyakṣa'* is

(i) Naiyāyika (ii) Prābhākar Mīmāṃsaka

(iii) Bhātta Mīmāṃsaka (iv) Miśra Mīmāṃsaka.

**2.** Answer ***any five*** questions of the following briefly : 5×5

(a) Discuss the nature of *Pakṣatā*.

(b) Distinguish between *Kevalānvayī* and *Kevalavyātirekī* inference.

(c) Give a brief exposition of the properties, which are conducive for the validity of an *anvaya-vyātirekī* hetu.

(d) Indicate with suitable example, the distinction between *sādhāraṇa savyābhicāra* and *virudhha hetvābhāsa*.

(e) Explain with examples, the concept of *Pakṣa*, *Sapakṣa* and *Bipakṣa* according to *Tarkasaṃgraha*.

(f) Discuss with example, the definition of *lakṣāṇa.*

(g) Discuss briefly, the nature of *akāṇkṣā, yogyatā* and *sannidhi.*

(h) Explain, with example, the definition *of Upamiti* given in *Tarkasaṃgraha.*

**3.** Answer in detail ***any two*** of the following questions :

(a) Give the definition of *Vyāpti*, following *Tarkasaṃgraha* and *Dīpikā*. Discuss in this connection, how do we know *Vyāpti*. 7+8

(b) Discuss the nature of *svārthānumiti* and *parārthānumiti*. Indicate, in this connection, the nature and function of each *avayava* of *parārthānumiti*. 7+8

(c) Give the definition of *'Śakti'* following *Tarkasaṃgraha* and *Dīpikā*. What is meant by *Śakti*? — Discuss in the context, the dispute between *Nyāya* and *Mīmāṃsā*. 6+9

(d) How the validity of cognition is known? Discuss in this context, the difference of opinion between *Naiyāyikas* and *Mīmāṃsakas* in detail. 15